

উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : উদয় জয় চাকমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

তারিখ ও সময় : / ১১/২০১৯ খ্রিঃ, সকাল ১০.৩০ ঘটিকা ।

সভার উপস্থিতি পরিশিষ্ট “ক” তে দেখানো হলো ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং তা সংশোধনী না থাকায় অনুমোদিত হয়।

০১। ২০১৯-২০২০ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য) নন সোলার খাতে ১ম পর্যায় বাস্তবায়ন :

আলোচনা : জেলা প্রশাসক রাঙ্গামাটি মহোদয়ের ২৬/১১/২০১৯ খ্রিঃ তারিখের- ৫১.০১.৮৪০০.২১৫.০৪.০০৭.১৯-৬২৪, নং পত্র খানা সভায় উপস্থাপন করা হয়। উক্ত পত্র মূলে দেখা যায় যে ২০১৯-২০২০ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য) কর্মসূচীর আওতায় নন সোলার খাতে ১ম পর্যায় =৬৯.৯০১৩ (উনসত্তর দশমিক নয় শূন্য এক তিন) খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে বিগত সভার আলোকে ইউনিয়ন ওয়ারী যে বিভাজন অনুসারে ৪টি ইউনিয়ন পরিষদ হতে নিম্ন লিখিত প্রকল্পের প্রকল্প কমিটি পাওয়া যায়। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উক্ত প্রকল্প কমিটিগুলো সভায় উপস্থাপন করেন। প্রকল্প কমিটি সমূহ নিম্নরূপ :

ক্রঃ নং	ইউনিয়নের নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ(টাকা)
১।	জুরাছড়ি	সুসমা চাকমার বাগান হইতে দিঙ্কুছড়া মুখ যাওয়ার রাস্তা মেরামত।	৮.২৯২৪৪ মে.টন চাল
২।	জুরাছড়ি	জলেন্দ্র চাকমার বাড়ী হইতে থাচি পাড়া যাওয়ার রাস্তা মেরামত।	৮.০০০ মে.টন চাল
৩।	বনযোগীছড়া	চুমাচুমি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সংস্কার (৯নং ওয়ার্ড)	১২.৬৩০২৬ মে.টন চাল
৪।	মৈদং	শিলছড়ি মোন হতে বারাবান্যা মোন পর্যন্ত রাস্তা নির্মাণ।(১নং ওয়ার্ড)	১৬.১০৭৮৯ মে.টন চাল
৫।	দুমদুম্যা	ছোট কুড়াদিয়া হতে সুবিধন চাকমার বাড়ী যাওয়ার রাস্তা সংস্কার (৪ নং ওয়ার্ড)	৮.৮৭০৭১ মে.টন চাল
৬।	দুমদুম্যা	বগাখালী হইতে ঘিলালুদি মোন যাওয়ার রাস্তা সংস্কার।(৪নং ওয়ার্ড)	৮.০০০ মে.টন চাল
৭।	দুমদুম্যা	কান্দারাহাড়া হতে বিলাইছড়ি সীমানা যাওয়ার রাস্তা সংস্কার (৮নং ওয়ার্ড)।	৮.০০০ মে.টন চাল
			মোট=৬৯.৯০১৩ মে.টন চাল